# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১৩৫

৩৮/ সালাম (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২০. পায়ে চুমা দেয়া- সম্পর্কে।

باب قُبْلَةِ الرِّجْلِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى بْنِ الطَّبَّاعِ، حَدَّثَنَا مَطَرُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الأَعْنَقُ، حَدَّثَتْنِي أُمُّ أَبَانَ بِنْتُ الْوَازِعِ بْنِ زَارِعٍ، عَنْ جَدِّهَا، زَارِعٍ وَكَانَ فِي وَفْدِ عَبْدِ الْقَيْسِ قَالَ لَمَّا قَدِمْنَا الْمَدِينَةَ فَجَعَلْنَا نَتَبَادَرُ مِنْ رَوَاحِلِنَا فَنُقَبِّلُ يَدَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَرِجْلَهُ ـ قَالَ ـ وَانْتَظَرَ الْمُنْذِرُ الأَشَجُّ حَتَّى أَتَى عَيْبَتَهُ فَلَبِسَ ثَوْبَيْهِ ثُمَّ أَتَى النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ " إِنَّ فِيكَ خَلَّتَيْنِ يُحِبُّهُمَا اللَّهُ الْحِلْمُ وَالأَنَاةُ " . قَالَ يَا رَسُولَ اللَّهِ أَنَا أَتَخَلَّقُ بِهِمَا أَمِ اللَّهُ جَبَلَنِي عَلَيْهِمَا قَالَ " بَلِ اللَّهُ جَبَلَكَ عَلَيْهِمَا " . قَالَ الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَبَلَنِي عَلَى خَلَّتَيْنِ يُحِبُّهُمَا اللَّهُ وَرَسُولُهُ .

বাংলা

৫১৩৫. মুহাম্মদ ইবন ঈসা (রহঃ) .... যারি (রাঃ) থেকে বর্ণিত, যিনি আবদুল কায়স গোত্রের অন্যতম প্রতিনিধি ছিলেন, তিনি বলেনঃ যখন আমরা মদীনায় আসি, তখন আমরা আমাদের উট থেকে দ্রুত নেমে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাত ও পায়ে চুমা দেই। রাবী বলেনঃ মুনযির আশাজ কিছুটা বিলম্ব করেন। কেননা, তিনি তার গাট্‌রী থেকে কাপড় বের করে, তা পরিধান করে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বলেনঃ তোমার মধ্যে দু’টি গুণ আছে, যা আল্লাহ্ পসন্দ করেন। তা হলোঃ একটি সবর এবং দ্বিতীয়টি শান্ত ভাব। তিনি জিজ্ঞাসা করেনঃ ইয়া রাসূলাল্লাহ! এ দু’টি বিশেষ গুণ কি আমাদের অর্জিত-গুণ, না মহান আল্লাহ্ সৃষ্টিগতভাবে তা দিয়েছেন? তিনি বলেন, না, বরং মহান আল্লাহ্ তোমাদের মধ্যে এ দুটি গুণ সৃষ্টি করেছেন। তখন তিনি বলেনঃ সমস্ত প্রশংসা আল্লাহ্র, যিনি আমার মধ্যে এমন দু’টি জিনিস দান করেছেন- যা আল্লাহ্ এবং তাঁর রাসূল পসন্দ করেন।

## English

Narrated al-Wazi' ibn Zari':

Umm Aban, daughter of al-Wazi' ibn Zari', quoting his grandfather, who was a member of the deputation of AbdulQays, said: When we came to Medina, we raced to be first to dismount and kiss the hand and foot of the Messenger of Allah (ﷺ). But al-Mundhir al-Ashajj waited until he came to the bundle of his clothes. He put on his two garments and then he went to the Prophet (ﷺ).

He said to him: You have two characteristics which Allah likes: gentleness and deliberation.

He asked: Have I acquired them or has Allah has created (them) my nature? He replied: No, Allah has created (them) in your nature.

He then said: Praise be to Allah Who has created in my nature two characteristics which Allah and His Apostle like.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ যারি' (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37241

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন